জীবননগরে শিক্ষক আঃ সামাদের বিদায় সংবর্ধনা

জীবননগর যাদবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আঃ সামাদের অবসার জনিত বিদায় সংবর্ধনা প্রদান করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল ৩টার সময় যাদবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের আয়োজনে এ বিদায় সংবর্ধনা প্রদান করা হয়।

যাদবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি মাওলানা জিল্লুর রহমানের সভাপতিত্বে বিদায় সংবর্ধনা অনুষ্টানে প্রধান অতিথি হিসাবে উপস্তিত ছিলেন,জীবননগর উপজেলার প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ জালাল উদ্দিন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,সীমান্ত ইউনিয়ন পরিষদের ৯নং ওর্য়াড সদস্য আব্দুল কুদ্দুস, যাদবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক মোঃ মহিউদ্দিন,সাংবাদিক মিঠুন মাহমুদ,সীমান্ত ইউনিয়ন লোকমোর্চার সভাপতি আঃগনি প্রমুখ।

মেহেরপুর সদর উপজেলা শিক্ষা অফিসার আপিল উদ্দিনের বিদায় সংবর্ধনা

মেহেরপুর সদর উপজেলা শিক্ষা অফিসার আপিল উদ্দিনের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকালে মেহেরপুর সদর উপজেলা হলরুমে এ বিদায় সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) এস এম জয়নুল ইসলামর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভূপেষ রঞ্জন রায়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী উপজেলা শিক্ষা অফিসার (মেহেরপুর সদর) মোঃ আসাফুদৌলা, সহকারী উপজেলা শিক্ষা অফিসার (মেহেরপুর সদর) মোঃ জহুরুল হক, সোনালি ব্যাংক মেহেরপুর শাখার ম্যানেজার তৌহিদুল আলম।

এছাড়াও উপস্থিত ছিলেন প্রধান শিক্ষক মোঃ সামসুল আরেফিন মোঃ জাহিদুল ইসলাম, মোঃ নুরুল ইসলাম, শাহীন আক্তার, ইয়াছ নবী, সহিদুল ইসলাম, সহকারী শিক্ষক মামুনুর রহমান ও কমর উদ্দীন।

এসময় বিদায়ী উপজেলা শিক্ষা অফিসার আপিল উদ্দিন কে ক্রেস্ট, মানপত্র ও উপহার সামগ্রী প্রদান করা হয়।

দামুড়হুদা জুড়ানপুর মাধ্যমিক বিদ্যালয়ে বিদায় সংবর্ধনা ও নবীন বরণ

দামুড়হুদা উপজেলার জুড়ানপুর মাধ্যমিক বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ৬ষ্ঠ শ্রেণীতে নতুন শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বেলা ১১টায় অত্র বিদ্যালয়ের মাঠ প্রাঙ্গণে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের প্রথম অধিবেশনের শুরুতে অতিথিদের ফুলের শুভেচ্ছা দিয়ে বরণ করা হয়। এরপর পবিত্র কোরআন থেকে তেলওয়াত ও আমন্ত্রণ পত্র পাঠ করেন অত্র বিদ্যালয়ের ১০ম শ্রেণির ছাত্র আবু নাঈম ও ৯ম শ্রেণির ছাত্রী মরিয়ম খাতুন। এরপর শিক্ষকদের মধ্যে থেকে স্বাগত বক্তব্য প্রদান করেন সহকারী প্রধান শিক্ষক রায়হান উদ্দিন, সহকারী শিক্ষক শামীম রেজা, জাহাঙ্গীর কবির, আব্দুল মজিদ।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক একরামুল হক এর সভাপতিত্ব প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক সোহরাব হোসেন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের সাবেক

অধ্যক্ষ ও বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি প্রফেসর আহসান আলী, দামুড়হুদা উপজেলা কৃষকলীগের সভাপতি রফিকুল ইসলাম,ইউনিয়ন কৃষকলীগ ও ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি শরিফ উদ্দীন,১নং ইউপি সদস্য ও বিদ্যালয়ের সাবেক সভাপতি মোখলেছুর রহমান।

এছাড়াও উপস্থিত ছিলেন, সহকারী শিক্ষক মনিরুল ইসলাম,শামীম,আহমেদ সাদিদ রেজা, আলমগীর হোসেন,সহকারী শিক্ষিকা ফাহিমা খাতুন ও শিরীনা পারভীন,বিদ্যালয় দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবে সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হাবীব, মশিউর রহমান পরিচালনা কমিটির সদস্য লিটন মল্লিক, আমীন হোসেন,মনিরুল ইসলাম,মিনারুল ইসলাম,আলফাজ মল্লিক,ময়না খাতুন।

এসময় ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে প্রধান অতিথি ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন বলেন, শুধু ভালো শিক্ষার্থী হলেই চলবে না, সকলকে দেশপ্রেমিক হতে হবে। সন্ত্রাসের মাধ্যমে আজকে আমাদের মেধাবী সন্তানদের নষ্ট করে দেওয়া হচ্ছে। কোনো রকম নেশার সঙ্গে নিজেকে না জড়ানোর আহ্বান জানান। সকলকে দুর্নীতিমুক্ত, অসাম্প্রদায়িক ও মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে সোনার বাংলাদেশ গড়ার আহ্বান জানিয়ে বলেন, জাতিকে দুর্নীতিমুক্ত করতে হলে নতুন প্রজন্মকে কাজে লাগাতে হবে।

সমাপনী বক্তব্যে প্রধান শিক্ষক একরামুল হক বলেন, তোমরা সকলে নিজেদের সর্বোচ্চ চেষ্টা করবে,একজন শিক্ষিত সৎ মানুষ হতে হবে।তোমাদের যাত্রা সফল হোক, সুন্দর হোক আগামীতে তোমরা সামনে এগিয়ে যাও। কিন্তু শুধু পড়াশোনা করলেই হবে না,পড়াশোনার পাশাপাশি সাংস্কৃতির সাথে যুক্ত থাকতে হবে। কারণ বিপথ থেকে সাংস্কৃতিই টেনে আনতে পারে।

এছাড়াও অনুষ্ঠানের দ্বিতীয় অধিবেশনে মনমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠান ও কৃতি ছাত্র-ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠান সঞ্চালনা করেন সহকারী শিক্ষক সিদ্দিকুর রহমান।

চুয়াডাঙ্গা জেলা পরিষদের পক্ষ থেকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসককে বিদায় সংবর্ধনা

চুয়াডাঙ্গা জেলা পরিষদের পক্ষ থেকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকারের বিদায় সংবর্ধনা দেওয়া হয়েছে।

আজ বৃহস্পতিবার সাড়ে এগারোটা সময় চুয়াডাঙ্গা জেলা পরিষদের সম্মেলন কক্ষে এ সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জেলা পরিষদের চেয়ারম্যান শেখ সামসুল আবেদীনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা বিদায়ী জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

এ সময় জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, চুয়াডাঙ্গা জেলায় কাজ করা অবস্থায় আমি আমার নিজ জেলা মনে করে কাজ করছি। যতটুকু পেরেছি মানুষকে সেবা দেওয়ার চেষ্টা করেছি। এ জেলার মানুষের ভালোবাসায় আমি মুগ্ধ। এ জেলার মানুষের কথা আমিও কখনও ভুলবো না।আপনারা জানেন আমি চেষ্টা করেছি ভালো কিছু উপহার দিতে। কাজ করতে গিয়ে অনেক কাজ শেষ করেছি আবার কিছু কাজ অসম্পূর্ণ রয়ে গেছে কিন্তু আমি বিশ্বাস করি সে কাজগুলো ও শেষ হবে।

আরও পড়ুন দামুড়হুদায় ডিসি নজরুল ইসলাম সরকারকে বিদায় সংবর্ধনা

বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও সংবর্ধনা অনুষ্ঠানের সভাপতি শেখ সামসুল আবেদীন বলেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার ছিলেন বিশেষ গুণের অধিকারি। চুয়াডাঙ্গা জেলাবাসী সহ আমরা একজন সৎ ও আদর্শবান জেলা প্রশাসককে হারালাম, তিনি একজন সরকারি কর্মকর্তা বুঝার উপায় ছিলোনা, সব সময় তিনি সাধারন মানুষের সাথে মিলেমিশে কাজ করতেন। তার কর্মজীবন সমৃদ্ধি হোক, যদিও তিনি বাংলাদেশ সচিবালয়ের গুরুত্বপূর্ণ পদে পদোন্নতি পেয়ে আমাদের ছেড়ে চলে যাচ্ছেন। আপনি বাংলাদেশের যেখানেই থাকুন না কেন, জেলাবাসী আপনাকে কখনো ভুলবে না। আপনিও সকল সময় চুয়াডাঙ্গা জেলাবাসীর কথা মনে রাখবেন সেই কামনায় করি।

আরও পড়ুন সারাজীবন চুয়াডাঙ্গা বাসির কথা মনে থাকবে — বিদায়ী জেলা

প্রশাসক

বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক জিল্লুর রহমান জিল্লু, চুয়াডাঙ্গা জেলা ছাএলীগের সাবেক সভাপতি জেমস্ অলোক চৌধুরী, জেলা আইনজীবী সমিতির এ্যডভোকেট কাইজার চৌধুরী, শামসুন্নাহার, শহিদুল ইসলামসহ বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দ ও জেলা পরিষদের সদস্যবৃন্দ উক্ত বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।